# মোকাম বিজ্ঞ অতিরিক্ত সহকারী জজ ও পারিবারিক আদালত নং-৫, ঢাকা

## পারিবারিক মোকদ্দমা নং- ৯৭২/২০১৭

বাদী

সুজাতা শেন সুপ্ত

স্বামী-

পিতা-

সর্ব সাং- ---- -----, থানা- ------

জেলা- -----।

বিবাদী

১। মোছাঃ মারিয়া বেগম

স্বামী-

২। রফিকুল ইসলাম

৩। রফিক আহমদ

৪। রুবাইয়া আক্তার

৫। সামিউল আলম

সর্ব পিতা- মৃত আব্দুস সালাম

সর্ব সাং- ---- -----, থানা- ------

জেলা- -----।

বিষয়ঃ দরখাস্তকারী/বাদী এবং প্রতিপক্ষ/বিবাদীগণের মধ্যে সম্পাদিত সোলেনামা।

দরখাস্তকারী/বাদী এবং প্রতপিক্ষ/বিবাদীগণপক্ষে বিনীত নিবেদন এই যে,

১। যেহেতু দরখাস্তকারী/বাদী তাহার নাবালিকা কন্যা সন্তানের শরীর ও সম্পত্তির অভিভাবিকা নিযুক্তির জন্য অত্র বিজ্ঞ আদালতে অত্র মামলাটি দায়ের করিয়াছেন বটে। অত্র মামলার উভয় পক্ষগন পরস্পর আত্মীয় বটে।

২। যেহেতু মৃত শাহ আলম (শাহিন) বিগত ১৫/১১/২০১৬ ইং তারিখে আরজির খ তফসিল বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি রাখিয়া মৃত্যুবরণ করেন এবং মৃত্যুকালে তিনি এক স্ত্রী সুজাতা শেন সুপ্ত (দরখাস্তকারী/বাদী), এক কন্যা আসমা (নাবালিকা), মাতা মোছাঃ মারিয়া বেগম (১নং বিবাদী), তিন ভাই যথাক্রমে মোঃ রফিকুল ইসলাম (২নং বিবাদী), রফিক আহমদ (৩নং বিবাদী) এবং সামিউল আলম (৫নং বিবাদী) এবং এক বোন রুবাইয়া আক্তার (৪নং বিবাদী) দেরকে ওয়ারিশ হিসেবে রাখিয়া যান।

৩। যেহেতু সম্পর্কে ১ নং বিবাদী নাবালিকা আসমা এর দাদি, ২,৩ এবং ৫ নং বিবাদীগণ নাবালিকা এর চাচা এবং ৪ নং বিবাদী নাবালিকা এর ফুফু হন।

৪। যেহেতু দরখাস্তকারী/বাদী তাহার নাবালিকা কন্যা সন্তানআসমা এর গর্ভধারিণী মাতা এবং নাবালিকা আসমা তাহার হেফাজতে ও তত্ত¡াবধানে রহিয়াছে।

৫। এমতাবস্থায় অত্র মোকদ্দমার উভয় পক্ষগণ নিম্নলিখিত শর্তে উভয় পক্ষের আইনজীবীদের মধ্যস্ততায় অত্র সোলেনামা সম্পাদন করিলেনঃ-

শর্তাবলী

(ক) দরখাস্তকারী/বাদী তাহার নাবালিকা কন্যা সন্তানআসমা এর গর্ভধারিণী মাতা এবং নাবালিকা আসমা তাহার হেফাজতে ও তত্বাবধানে রহিয়াছে এবং ভবিষ্যতেও উক্ত নাবালিকা দরখাস্তকারী/বাদীর হেফাজতে ও তত্বাবধানে থাকিবে। ইহাতে প্রতপিক্ষ/বিবাদীগণ কোনরূপ আপত্তি উত্থাপন করিবেন না।

(খ) অত্র বিজ্ঞ আদালত দরখাস্তকারী/বাদীকে তাহার নাবালিকা কন্যা সন্তানআসমা এর শরীর ও সম্পত্তির অভিভাবিকা নিযুক্ত করিলে ইহাতে প্রতপিক্ষ/বিবাদীগণের কোনরূপ আপত্তি নাই বা থাকিবে না।

(গ) দরখাস্তকারী/বাদী তাহার নাবালিকা কন্যা সন্তানের ভরণপোষণ, চিকিৎসা, লেখাপড়া সহ তাহার মঙ্গলার্থে যাবতীয় কার্যাবলী দরখাস্তকারী/বাদী তাহার একক সিদ্ধান্তসেম্পাদন করিতে পারিবেন। ইহাতে প্রতপিক্ষ/বিবাদীগণের কোনরূপ আপত্তি নাই বা থাকিবে না। ভবিষ্যতে উক্ত নাবালিকাকে উপযুক্ত ও সৎপাত্রে বিবাহের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য থাকিবেন এবং নাবালিকার সম্পত্তির সংরক্ষণ সংক্রান্তে আদালতের নির্দেশনা সর্বদা প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন।

(ঘ) প্রতপিক্ষগণ কোনভাবেই নাবালিকার মঙ্গলার্থে অভিভাবিকা বাদীর কোন কাজে বাঁধা প্রদান কিংবা বিরোধিতা করিতে পারিবেন না কিংবা কোনরূপ আপত্তি দিতে পারিবেন না।

(ঙ)অত্র সোলেনামা অত্র মোকদ্দমার রায় ও ডিক্রি/আদেশের একাংশ হিসাবে গণ্য হইবে।

অতএব, বিনীত প্রার্থনা এই যে, ন্যায়বিচারের স্বার্থে উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে অত্র সোলেনামা গ্রহণ করে, সোলে সুত্রে মোকদ্দমা নিষ্পত্তির আদেশ দানে এবং অত্র সোলেনামাটি ডিক্রির অংশ হিসেবে গণ্য করার আদেশ দানে বিজ্ঞ আদালতের সদয় মর্জি হয়।

সত্যপাঠ

আমরা অত্র মোকদ্দমার দরখাস্তকারী/বাদী ও প্রতপিক্ষ/বিবাদী। সোলেনামায় লিখিত বক্তব্য আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য স্বীকারে অত্র সত্যপাঠে নিজ নিজ নাম সহি সম্পাদন করিলাম।

দরখাস্তকারী/বাদীর স্বাক্ষরঃ